

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
তেঁতুলিয়া, পঞ্চগড়।
bbs.tetulia.panchagarh.gov.bd

স্মারক নং-৫২.০১.৭৭৯০.০০০.০৫.০২১.২০-০২

২৫ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ ০৯ জানুয়ারি/২০২০ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন “জনশুমারি ও গৃহগণনা ২০২১” এর লিষ্টিং অপারেশন কার্যক্রমে “সুপারভাইজার ও তালিকাকারী/গননাকারী” পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র তেঁতুলিয়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/ যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রকল্পের ডিপ্লিপি অনুযায়ী সন্মানী ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন	১। উচ্চ মাধ্যমিক পাশ বা সমমান হতে হবে তবে স্নাতক উত্তীর্ণগন অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে অগ্রাধিকার পাবেন, বিবিএস এর পূর্ববর্তী শুমারি বা জরিপ কাজে অভিজ্ঞতা থাকলে অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। ২। নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং স্মার্ট ফোন চালানায় দক্ষ হতে হবে। ৩। স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব এবং স্ক্রীনসাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪। সহজে বোধগম্য লেখার অধিকারী হতে হবে। ৫। উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২	তালিকাকারী/ গননাকারী	প্রকল্পের ডিপ্লিপি অনুযায়ী সন্মানী ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন	১। উচ্চ মাধ্যমিক পাশ বা সমমান। ২। নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং স্মার্ট ফোন চালানায় দক্ষ হতে হবে। ৩। স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে। স্মার্টফোনের স্ক্রীনসাইজ ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪। সহজে বোধগম্য লেখার অধিকারী হতে হবে। ৫। উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে তালিকাকারী/ গননাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বিদ্রষ্ট ডিপ্লিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নূতন বিধিমালা জারী বা অনুরূপক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে ভাতাদি পরিবর্তিত হতে পারে। শর্তাবলীঃ

- উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবপোর্টাল(bbs.tetulia.panchagarh.gov.bd) হতে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক -স- হস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান অফিসের ওয়েব পোর্টাল (bbs.panchagarh.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- লিষ্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি-২০২১) প্রতি গননাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- লিষ্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে, বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীপনই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগনকে অগ্রাধিকার ভিত্তিতে মোট পদের ন্যূনতম ৫০% নিয়োগ প্রদান করা হবে। উল্লেখ্য যে, যোগ্য মহিলা প্রার্থী না পাওয়া সাপেক্ষে বেকার পুরুষ প্রার্থী হতে নিয়োগ প্রদান করা হবে।
- লিষ্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগনের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতিয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গননাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- লিষ্টিং অপারেশন/ শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবে না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। এক জন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখ পূর্বক আগামী-২০/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত স্থানে সরাসরি অফিস চলাকালীন সময়ে (বিকাল-৫.০০ ঘটিকা) মধ্যে পৌঁছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনি পরীক্ষা / সাক্ষাৎকারে অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ ডিএ দেওয়া হবে না।
- লিষ্টিং অপারেশনের জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবপোর্টাল(bbs.tetulia.panchagarh.gov.bd) এবং জেলা পরিসংখ্যান অফিস এর ওয়েবপোর্টালেও(bbs.panchagarh.gov.bd) প্রকাশ করা হবে।
- নির্বাচিত প্রার্থী প্রশিক্ষনে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহি নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল হয়ে যাবে।
- জরিপ চলাকালীন সময়ে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করবেন, অন্যথায় তাকে কার্যক্রম থেকে বিরত রাখা হবে।
- এ নিয়োগটি শুধুমাত্র লিষ্টিং/ শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে এবং লিষ্টিং/ শুমারি কার্যক্রম শেষ হওয়ার পর থেকে নিয়োগ বাতিল হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মো: রফিকুল আলম
উপজেলা নির্বাহী অফিসার
তেঁতুলিয়া, পঞ্চগড়

ও
সভাপতি

জনশুমারি ও গৃহগণনা-২০২১ এর
গননাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
তেঁতুলিয়া, পঞ্চগড়।
টেলিফোন নং-০৫৬৫৫-৭৫০০১
ই-মেইল:-unotetulia@mopa.gov.bd